

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৮, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/২০ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৮৯-আইন/২০২২।—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ মোতাবেক ৩১ আগষ্ট, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর, ও নং ২৯১-আইন/২০২১ দ্বারা চট্টগ্রাম জেলার হাটহাজারী পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে হাটহাজারী উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে, এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন কোনো লিখিত আপত্তি উত্থাপিত না হওয়ায় সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৭৯৮৯)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	সিট নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(১)	চট্টগ্রাম	হাটহাজারী	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	দেওয়াননগর	৩৫	৩	৭৩১৬-৮৬২৪
(২)	চট্টগ্রাম	হাটহাজারী	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	মধ্য পাহাড়তলী	২২	২	৬১২১-৬১২৪
						৩	৭৪৬৩
(৩)	চট্টগ্রাম	হাটহাজারী	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	মেখল	২৮	৩	৫৬৮৫
(৪)	চট্টগ্রাম	হাটহাজারী	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	জোবরা	৩৪	১	২৩৯৮

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব।